132

তারিখ ... 06 APR 1994 ...
পৃষ্ঠা ৮ কলাম ৫......

আজকের কাগজ

# ১২ এপ্রিল বেসরকারি শিক্ষকরা অবিরাম ধর্মঘটের ডাক দেবে

## ☐ প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির ২৫ মাস পরও শিক্ষকদের দাবি বাস্তবায়িত হয়নি

**অঞ্জন রায় :** বেসরকারি স্কুল-কলেজের শিক্ষকদের ১৫ দফা মেনে নেয়ার জন্যে কেন্দ্রিয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি ১২ এপ্রিল পর্যন্ত সময়সীমা বেঁধে দিয়েছে। এ সময়ের মধ্যে দাবি না মানলে ১২ এপ্রিল জাতীয় প্রেস ক্লাবের সামনে সমাবেশ থেকে তারা অবিরাম ধর্মঘটের কর্মসূচি ঘোষণা করবে বলে নেতাদের সূত্রে জানা গেছে।

বেসরকারি শিক্ষকদের ১৫ দফার মধ্যে রয়েছে চাকরির নিশ্চয়তা, সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের বেতন বৈষম্য নিরসন এবং নতুন বেতন স্কেলে বেসরকারি শিক্ষকদের অন্তর্ভুক্ত করা। উল্লেখ্য, এসব দাবি নিয়ে '৯২ সালের ১৮ জানুয়ারি থেকে বেসরকারি শিক্ষকরা অবিরাম ধর্মঘট শুরু করেন। এক টানা ২১ ফেব্রুয়ারি পর্যন্ত চলার পর প্রধানমন্ত্রীর হস্তক্ষেপে ধর্মঘটের অবসান ঘটে। এ সময় প্রধানমন্ত্রী শিক্ষকদের প্রধান দাবি নতুন জাতীয় বেতন স্কেলে অন্তর্ভুক্তির তাৎক্ষণিক ঘোষণা দেন। বাকি দাবিগুলো পরীক্ষা-নিরীক্ষা করে দু'মাসের মধ্যে তার কাছে রিপোর্ট পেশ করার জন্যে শিক্ষকদের লিয়াজোঁ কমিটির প্রতিনিধি সমন্বয়ে শিক্ষা সচিবকে সভাপতি করে একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠনের জন্যেও তিনি নির্দেশ দেন।

উক্ত কমিটি দু'মাসের জায়গায় ২২ মাস পর একটি সর্বসম্মত সুপারিশমালা তৈরি করে। কিন্তু এরপর ৬ মাস কেটে গেলেও এখনো তা বাস্তবায়নে কোনো পদক্ষেপ নেয়া হয়নি।

এ দিকে গত বছরের ৩০ নভেম্বরের মধ্যে দাবি বাস্তবায়নের সময়সীমা বেঁধে দিয়েছিলেন শিক্ষকরা। ৩০ নভেম্বর শিক্ষামন্ত্রণালয় এসব বিষয় সমাধানের জন্যে ১৫ দিনের সময় চায়। এরপর ৪ মাস কেটে গেলেও কোনো সরকারি পদক্ষেপ নেয়া হয়নি। ফলে শিক্ষকরা গত ২৪ মার্চ থেকে আবার আন্দোলনে নেমেছেন। তারা দেশব্যাপী সভা-সমাবেশ ও বিক্ষোভ কর্মসূচি পালন করছে।

বছরের মাঝখানে বেসরকারি শিক্ষকরা অবিরাম ধর্মঘটে গেলে সারাদেশে শিক্ষা ব্যবস্থায় মারাত্মক বিপর্যয় দেখা দেবে। এ ব্যাপারে শিক্ষক নেতাদের দৃষ্টি আকর্ষণ করলে তারা বলেন, দাবিগুলো তাদের বাঁচা-মরার সঙ্গে সম্পৃক্ত এবং শিক্ষা ব্যবস্থার মানোন্নয়নের সঙ্গেও বটে। সরকার বার বার প্রতিশ্রুতি ভঙ্গ করে তাদেরকে এ আন্দোলনে যেতে বাধ্য করছে। তাই এ ছাড়া তাদের আর কোনো পথ খোলা নেই।